## সেপ্টেম্বর/২০২৫ খ্রিঃ মাসে অনুষ্ঠিত উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা'র মাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি ঃ রাজ কুমার বিশ্বাস
প্রশাসক
উপজেলা পরিষদ, সুন্দরগঞ্জ, গাইবান্ধা।
তারিখ ঃ ১৮ সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ।
সময় ঃ বেলা ১০.০০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-ক)।
অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ (পরিশিষ্ট-খ)।

সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হলে কোন প্রকার সংশোধনী /সংযোজনী না থাকায় সর্বসম্মতভাবে তা দৃঢ়ীকরণ করা হয়। এরপর আলোচনার মাধ্যমে ধারাবাহিকভাবে সভা পরিচালনা করা হয়।

| ক্র নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | উপজেলা প্রাণিসম্পদ অফিস | উপজেলা প্রাণিসম্পদ অফিসার জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে গরু ও মহিষের এনথ্রাক্স রোগের প্রকোপ লক্ষ করা যাচ্ছে। পার্শ্ববর্তী পীরগাছা উপজেলা হতে তা আমাদের উপজেলায় ছড়িয়ে পরেছে। গরুর ও মহিষের এই এনথ্রাক্স রোগ মানুষের মাঝেও ছড়িয়ে পরছে। এনথ্রাক্স রোগ হতে গবাদিপশুদের রক্ষার লক্ষে ভেকসিন কার্যক্রম চলমান রয়েছে। কোথাও যাতে কোন অসুস্থ গরু ও মহিষের মাংস বিক্রি না হয় সেবিষয়ে সকলকে সজাগ থাকার অনুরোধ করেন। নির্মিত ট্রেনিং সেন্টারের অবশিষ্ট কাজ সম্পন্ন করতে তিনি অনুরোধ করেন। | ১। সেবার ধারা অব্যাহত রাখতে হবে।<br>২। এনথ্রাক্স রোগ যাতে মহামারি আকারে ছড়িয়ে পরতে না পারে সেবিসয়ে সজাগ দৃষ্টি রাখতে হবে।<br>৩। উপজেলা প্রকৌশলী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। | ১। উপজেলা প্রাণিসম্পদ বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ২. | উপজেলা মৎস্য অফিস | উপজেলা মৎস্য অফিসার সভাকে জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে ঝাটকা মাছ আহরন করা বন্ধ রয়েছে। কেউ যাতে ঝাটকা মাছ আহরণ করতে না পারে সেজন্য সকলকে সজাগ থাকতে হবে এবং নিয়মিত নজরদারী করতে হবে। | এ ধারা অব্যাহত রাখতে হবে। ঝাটকা মাছ যাতে কেউ আহরণ করতে না পারে সেবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার |
| ৩. | উপজেলা কৃষি অফিস | উপজেলা কৃষি অফিসার সভাকে বলেন, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কৃষকদের মাঝে সার ও বীজসহ প্রচুর ভর্তূকি প্রদান করা হয়। উপসহকারী কৃষি কর্মকর্তাদের মাধ্যমে নিয়মিত মাঠ পরিদর্শন করা হয়। বর্তমানে সারের কোন সংকট নেই। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | সারের দোকান/ডিলার পয়েন্ট নিয়মিত তদারকি করতে হবে। | উপজেলা পরিষদ, কৃষি বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ৪. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আউটডোরে মোট রোগী-৬৪১৯ জন,জরুরী বিভাগে মোট রোগী- ৩০৪৯ জন, মোট ভর্তি রোগী-৭৩৪ জন,প্যাথলজি মোট রোগী-৫৫৭ জন, আলট্রাসনোগ্রাম মোট- ৭৫ জন, এক্স-রে রোগী- ১৫২, ইসিজি- ৪৯ জন, এ্যাম্বুলেন্স সার্ভিস সংখ্যা-৪৮, নরমাল ডেলিভেরী- ৪৭ জন, সিজারিয়ান সেকশন-০জন, আইএমসিআই- ৩১৯ জন, কমিউনিটি ক্লিনিকে সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা – ৩৬,৩২৫ জন।<br>তাছাড়া অত্র হাসপাতালে এনসিডি কর্নার, স্যাম কর্নার, ব্রেস্টফিডিং কর্নার, ইপিআই সহ অন্যান্য কার্যক্রম | জনসাধারণের চিকিৎসা সেবা নিশ্চিতের জন্য জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় সকল পদক্ষেপ গ্রহণ করতে হবে এবং হাসপাতালের হাসপাতালের স্বাস্থ্য সেবার মান উন্নয়ন করা ও | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সিমিত জনবল দিয়েই চালু রয়েছে।<br>অত্র উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জুন/২০২৫ইং মাসে মোট ইউজার ফি ১,৮১,১৬৯/- সরকারী কোষাগারে জমা প্রদান করা হইয়াছে। তিনি আরোও জানান ১। জনবলের তীব্র সংকট বিশেষ করে বিশেষজ্ঞ চিকিৎসকের ১১টি পদ থাকলেও কর্মরত আছে মাত্র দুই জন তারও একজন প্রেষনে অনত্র কর্মরত। মেডিকেল অফিসারের ২৩টি পদ থাকলেও কর্মরত আছে মাত্র ৩ জন। উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসারের মোট পদ ১৭টি থাকলেও কেউ কর্মরত নেই। এত কম সংখ্যক জনবল দ্বারা চিকিৎসা সেবা অব্যাহত রাখা খুবই কষ্ট কর হচ্ছে। তাছাড়া ৩য় ও ৪র্থ শ্রেনীর ১৫৩টি পদের মধ্যে কর্মরত আছে মাত্র ৮০ জন শুন্য রয়েছে ৭৩ জন। ৭টি উপ-স্বাস্থ্য কেন্দ্রে ফার্মাসিষ্ট কর্মরত আছে মাত্র ৭জন। তাদের সপ্তাহে সাব-সেন্টারে ৩দিন কর্মরত রেখে বাকি দিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কাজ করানো হয়। এমতবস্থায় হাসপাতালের স্বাভাবিক কার্যক্রম সচল রাখা খুবই জটিল হয়ে পরেছে।<br>২। পরিচ্ছন্নতা কর্মীর ৫টি পদ থাকলেও কর্মরত রয়েছে মাত্র ২জন। বিধায় বিধায় হাসপাতাল পরিষ্কার পরিচ্ছন্ন রাখা খুবই কষ্টকর হচ্ছে।<br>৩। হাসপাতালে নিরাপত্তা কর্মীর ২টি পদ থাকলেও কেউ কর্মরত নেই। ফলে হাসপাতালের সার্বিক. নিরাপত্তা দেওয়া সম্ভব হচ্ছে না। বিধায় রাতের বেলা নিরাপত্তা নিশ্চিতের জন্য পুলিশ টহল জরুরী। ৪। জরুরী সংকটাপন্ন রোগীদের সেবার জন্য সেন্ট্রাল অক্সিজেন প্রয়োজন।<br>৫। উন্নত সেবার জন্য একটি ডিজিটাল এক্স-রে মেশিন প্রয়োজন।<br>৬। লোড শেডিং এর সময় রোগীদের স্বস্তির জন্য সোলার প্লান্টের প্রয়োজন।<br>৭। ওয়ার্ডের ময়লা আবর্জনা যাতে রোগীর লোকজন জানালা দিয়ে বাহিরে ফেলে নোংরা করতে না পারে সেজন্য সকল ওয়ার্ডের জানালায় জরুরী ভিত্তিতে নেট/জাল লাগানোর ব্যবস্থা করতে হবে।<br>৮। হাসপাতাল পরিষ্কার পরিচ্ছন্নতা রাখার জন্য ৩ জন পরিচ্ছন্নতা কর্মী প্রয়োজন।<br>৯। ব্রেস্টফিডিং কর্নার ও কিডস প্লে জোন এর জন্য সহযোগীতা প্রয়োজন।<br>নিম্নলিখিত উপ-স্বাস্থ্য কেন্দ্র গুলিতে জনগনের মানসম্মত স্বাস্থ্য সেবা প্রদানের জন্য জরুরী ভিত্তিতে মেরামত প্রয়োজন।<br>১। বামনডাঙ্গা উপ-স্বাস্থ্য কেন্দ্র: মূল ভবন পানির লাইন, স্যানিটেশন, ইলেকট্রিক লাইন মেরামত প্রয়োজন।<br>২। বেলকা উপ-স্বাস্থ্য কেন্দ্রঃ বাউন্ডারী ওয়াল প্রয়োজন। মূল ভবন পানির লাইন, স্যানিটেশন, ইলেকট্রিক লাইন মেরামত প্রয়োজন।<br>৩। কঞ্চিবাড়ি উপ-স্বাস্থ্য কেন্দ্র: মূল ভবন পানির লাইন, স্যানিটেশন, ইলেকট্রিক লাইন মেরামত প্রয়োজন।<br>৪। শোভাগঞ্জ উপ-স্বাস্থ্য কেন্দ্র: বাউন্ডারী ওয়াল প্রয়োজন। মূল ভবন পানির লাইন, স্যানিটেশন, ইলেকট্রিক লাইন মেরামত প্রয়োজন।<br>৫। হরিপুর উপ-স্বাস্থ্য কেন্দ্র: বাউন্ডারী ওয়াল প্রয়োজন। মূল ভবন পানির লাইন, স্যানিটেশন, ইলেকট্রিক লাইন | জনগনের ভোগান্তি লাঘবের জন্য প্রয়োজনীয় জনবল নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মেরামত প্রয়োজন।<br>৬। চন্ডিপুর উপ-স্বাস্থ্য কেন্দ্র: বাউন্ডারী ওয়াল প্রয়োজন। মূল ভবন পানির লাইন, স্যানিটেশন, ইলেকট্রিক লাইন মেরামত প্রয়োজন।<br>৭। ধর্মপুর উপ-স্বাস্থ্য কেন্দ্র: বাউন্ডারী ওয়াল প্রয়োজন। মূল ভবন পানির লাইন, স্যানিটেশন, ইলেকট্রিক লাইন মেরামত প্রয়োজন। | | |
| ৫. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার (অতিঃ দাঃ), সভায় জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ১৫টি ইউনিয়নের মধ্যে ০৪ টি ইউনিয়নে নরমাল ডেলিভারী চালু রয়েছে। পর্যায়ক্রমে সবগুলো ইউনিয়নে নরমাল ডেলিভারী চালু করা হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | সেবার এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| ৬. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভাকে জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। স্কুল কলেজের কার্যক্রম যথাযতভাবে মনিটরিং করা হচ্ছে যাতে শিক্ষা কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হয়। টাইফয়েড টিকা যাতে সকল ছাত্র-ছাত্রী গ্রহন করে সেজন্য ছাত্র-ছাত্রীদের মাঝে প্রচারনা চালানো হচ্ছে এবং সকলে যাতে টিকা গ্রহন করে সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে। | শিক্ষা প্রতিষ্ঠান মনিটরিং অব্যাহত রাখতে হবে। যাতে শিক্ষা প্রতিষ্ঠানে কোন ধরনের দ্বন্দ বা অনাকাঙ্খিত পরিস্থিতি তৈরী না হয় সেদিকে দৃষ্টি রাখতে হবে। টাইফয়েডের টিকা যাতে সকলে গ্রহন করে সেবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট সকল |
| ৭. | উপজেলা আনসার ও ভিডিপি অফিস | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভাকে জানান, অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। শারদীয় দূর্গা পূজায় আনসার বাহিনী সফলতার সহিত তাদের দ্বায়িত্ব পালন করেছে এবং কোন ধরনের অনাকাঙ্খিত ঘটনা ছাড়াই দূর্গা উৎসব সম্পন্ন হয়েছে। তিনি সকলের সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার |
| ৮. | যুব উন্নয়ন অফিস | উপজেলা যুব উন্নয়ন অফিসার জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ৩টি ট্রেডের উপর ট্রেনিং চলছে। ট্রেনিং এ অংশ গ্রহন করার জন্য অনলাইনে আবেদন করা যাবে। ট্রেনিং এর জন্য যাতে জনগন আবেদন করেন সেবিষয়ে নিজ ইউনিয়নে প্রচারনা চালানোর জন্য চেয়ারম্যানদের অনুরোধ করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। দপ্তর প্রধান ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে সহযোগীতা কারার জন্য অনুরোধ করা হচ্ছে। | উপজেলা যুব উন্নয়ন অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ৯. | উপজেলা পল্লী উন্নয়ন অফিস | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভাকে জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ঋন কার্যক্রম চলমান রয়েছে এবং ঋন আদায় সন্তোষ জনক। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| ১০. | উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার সভাকে জানান, উপজেলা শিক্ষা কমিটি কর্তৃক প্রদত্ত নির্দেশনা মোতাবেক উপজেলার প্রাথমিক বিদ্যালয়ের কার্যক্রম মনিটরিং করা হচ্ছে। কোথাও কোন সমস্যা হলে তা তাৎক্ষনিক সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অবহিত করা হয়। টাইফয়েডের টিকা যাতে সকল ছাত্র-ছাত্রী গ্রহন করে সেজন্য প্রয়োজনীয় প্রচারনা চালানো হচ্ছে এবং সকল ছাত্র ছাত্রী যাতে টিকা গ্রহন করে সেজন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হয়েছে। অবিভাবকদের এ বিষয়ে সচেতন করা হচ্ছে। | উপজেলা শিক্ষা কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক উপজেলা শিক্ষা অফিসার ও সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ কর্তৃক বিদ্যালয়ের সকল কার্যক্রম মনিটরিং করতে হবে।<br>টাইফয়েডেরে টিকা কার্যক্রম সফল করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার |
| ১১. | উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার সভাকে জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে কোন বরাদ্দ নাই। বরাদ্দ সাপেক্ষে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে। সামাজিক কর্মসূচীর আওতায় ভাতাভোগীদের ভাতা প্রদানের লক্ষে পে-রোল কার্যক্রম চলমান রয়েছে। আশা করা যাচ্ছে পে-রোল কার্যক্রম সম্পন্ন হলে যথাসময়ে ভাতা ভোগীদের ভাতা তাদের মোবাইলে পৌছে যাবে। তিনি হ্যাকারদের হাত থেকে সকলকে সচেতন থাকার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করার অনুরোধ করেন। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমাজসেবা অফিসার , ইউপি চেয়ারম্যানগণ ও সংশ্লিস্ট সকল |
| ১২. | সামাজিক বন বিভাগ | ফরেস্টার সভাকে জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে বর্ষাকাল চলছে। বর্ষাকাল বৃক্ষরোপনের উপযুক্ত সময়। এসময়ে তিনি সকলকে বৃক্ষরোপন করার জন্য অনুরোধ করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | ফরেস্টার সামাজিক বন বিভাগ ও সংশ্লিষ্ট সকল |
| ১৩. | চেয়ারম্যান, বামনডাংগা | চেয়ারম্যান, বামনডাংগা সভাকে জানান যে, বামনডাঙ্গা ইউনিয়টি গাইবান্ধা জেলার মধ্যে অন্যতম জনবহুল এবং বৃহত্তম একটি ইউনিয়ন হলেও পুরাতন ভবনের জমির উপর অংশিদারের মামলা সহ বিভিন্ন জটিলতার কারণে অদ্যবদি অত্র ইউনিয়নে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণ করা হয় নাই। যার কারণে ইউনিয়ন পরিষদের অফিস কার্যক্রম পরিচালনা সহ বিভিন্ন ক্ষেত্রে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। সেই সাথে ইউনিয়ন পরিষদ সংশ্লিষ্ট অফিসগুলি একই ভবনে না থাকায় জনসাধারণ বিভিন্ন ভাবে হয়রানির স্বীকার হচ্ছে। বর্তমানে ইউনিয়ন পরিষদের যে পুরাতন ভবনটি রয়েছে তা ইউনিয়নের ১নং ওয়ার্ড এবং ইউনিয়নের উত্তর সীমানা ঘেসে জামাল মৌজায় অবস্থিত। উক্ত ভবনটি ইউনিয়নের অন্যান্য ওয়ার্ড হতে অধিক দূরুত্বে থাকায় জন দূর্ভোগ সহজেই অনুমান করা যায়। বিষয়টি অনুধাবন করে, গত ১৪/১২/২০১৫ ইং তরিখের তৎকালিন ইউপি সভার সীদ্ধান্ত মোতাবেক ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের জন্য গত ১৭/০২/২০১৬ ইং তারিখে সুন্দরগঞ্জ সাব রেজিষ্টার অফিসের ২০৪১ নং কবলা দলিল মূলে অত্র ইউনিয়নের রামধন মৌজায় ২৫.০০ শতাংশ জমি ক্রয় করে এবং উক্ত জমিতে কমপ্লেক্স ভবন নির্মাণের প্রস্তাব সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রেরণ করেন। যার জেএল নং- ০৬, আর এস | চেয়ারম্যান, বামনডাংগার প্রস্তাবটি সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উদ্ধোতন কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, বামনডাংগা, উপজেলা প্রকৌশলী ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | খতিয়ান নং- ৬০৭, সাবেক দাগ নং- ১০৬০, হাল দাগ- ২০৯৩। উক্ত প্রস্তাবের প্রেক্ষিতে জনাব মোঃ আব্দুস সামাদ, মাননীয় জেলা প্রশাসক, গাইবান্ধা মহোদয় এবং মোহাম্মদ আল মারুফ উপজেলা নির্বাহী কর্মকর্তা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা মহোদয় সহ বিভিন্ন কর্মকর্তাগণ স্থানটি পরিদর্শন করেন এবং উক্ত স্থানে ভবন নির্মাণের পক্ষে প্রতিবেদন প্রেরণ করেন। পরবর্তীতে ইউনিয়ন পরিষদের উদ্যোগে উক্ত স্থানে আরও ১৫.০০ শতাংশ জমি ক্রয় করেন। বর্তমানের উক্ত স্থানে ইউপির নামে মোট ৪০.০০ শতাং নিষ্কণ্টক জমি রয়েছে যাতে সরকারি বিধি মোতাবেক ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণে কোন বাধা না থাকা সত্ত্বেও অদ্যবধি অত্র ইউপির কমপ্লেক্স ভবন নির্মাণ হয় নাই। চেয়ারম্যান, বামনডাংগা রামধন মৌজার উক্ত স্থানে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সভাকে অনুরোধ জানান। | | |
| ১৪. | উপজেলা নির্বাচন অফিস | উপজেলা নির্বাচন অফিসার সভাকে জানান তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। খসড়া ভোট কেন্দ্র আগামী ২৫/১০/২০২৫ ইং তারিখের মধ্যে চুড়ান্ত হবে। ২১ সেপ্টেম্বরে মধ্যে আপত্তি চাওয়া হয়েছিল। প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসারের হালনাগাদ তালিকা প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে। অনেকে সার্টিফিকেট গোপন রেখে জন্ম সনদ গ্রহন করছে, ফলে নান ধরনের সমস্যা সৃষ্টি হচ্ছে। চেয়ারম্যানগন ওয়ারিশন সনদের প্রদানের সময় নতুন কোন ওয়ারিশ পাওয়া গেলে ইস্যুকৃত সনদটি বাতিল হবে মর্মে ওয়ারিশন সনদ প্রদান করছেন। ওয়ারিশন সনদে এধরনের কথা লেখা গ্রহন যোগ্য নয়। তিনি এবিষয়ে চেয়ারম্যানগনদের সজাগ থাকার জন্য অনুরোধ করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। জন্মসনদ ও ওয়ারিশন সনদ প্রদানের ক্ষেত্রে চেয়ারম্যানগনদের সজাগ থাকতে হবে। | উপজেলা নির্বাচন অফিস ও সংশ্লিষ্ট সকল |
| ১৫. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। কোথাও ওকান অগ্নিকান্ড সংঘটিত হলে তার তালিকা অফিসে জমা প্রদান করতে হবে। তালিকা মোতাবেক প্রয়োজনীয় অনুদান প্রদান করা হবে। যেকোন ধরনের বন্যা ও প্রাকৃতিক দূর্যোগ মোকাবেলার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিস সদা প্রস্তুত রয়েছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | বন্যা ও প্রাকৃতিক দূর্যোগ মোকাবিলার জন্য সকলকে প্রস্তুত থাকতে হবে। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, ইউপি চেয়ারম্যান ও সংশ্লিষ্ট সকল |
| ১৬. | পল্লী বিদ্যুৎ | ডিজিএম পল্লী বিদ্যুৎ সুন্দরগঞ্জ জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বিদ্যুতের সরবরাহ স্বাভাবিক রয়েছে। সুন্দরগঞ্জ উপজেলায় প্রচুর বকেয়া বিল রয়েছে। বকেয়া বিল পরিশোধ করার জন্য মাইকিং করা হয়েছে। যথাসময়ে বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ না করে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | বকেয়া বিল পরিশোধ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। বিদ্যুৎ ব্যবহারে সাশ্রয়ী হতে হবে। | ডিজিএম পল্লী বিদ্যুৎ ও সংশ্লিষ্ট সকল |
| ১৭. | মহিলা বিষয়ক অফিস | উপজেলা মহিলা বিষয়ক অফিসার সভাকে জানান ভিডব্লিউবি কর্মসূচীর লটারী সম্পন্ন হয়েছে। ভিডব্লিউবির চাল বিতরনের জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। মা ও শিশু সহায়তা কর্মসূচীর নাম প্রতিমাসে ২২ তারিখের মধ্যে দেয়ার জন্য অনুরোধ জানান। দাপ্তরিক অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | সকল ইউপি চেয়ারম্যান প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮. | জনস্বাস্থ্য প্রকৌশল অফিস | উপসহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভাকে জানান, সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পে এ বছর ১৮০টি নলকূপ বরাদ্দ পাওয়া গিয়েছে। ঠিকাদার কর্তৃক সরবরাহ সাপেক্ষে প্রতিটি ইউনিয়নে ১২টি করে নলকূপ সরবরাহ করা যাবে।তালিকা পাওয়া গেলে নলকূপ বিতরণ করা যাবে। | জরুরী ভিত্তিতে তালিকা সংগ্রহ করে নলকূপ প্রাপ্তি সাপেক্ষে বিতরণ এবং স্থাপন করা হবে। | উপসহকারী প্রকৌশল (জনস্বাস্থ্য) ও সংশ্লিষ্ট সকল |
| ১৯. | সহকারী প্রোগ্রামার (আইসিটি) | সহকারী প্রোগ্রামার (আইসিটি) জানান, উপজেলার সকল অফিস/দপ্তর ও ইউনিয়ন পরিষদের সকল বাস্তবায়িত প্রকল্পের ছবিসহ ওয়েব পোর্টাল হালনাগাদ (আপডেট) করার জন্য বার বার অনুরোধ করা হলেও এখন পর্যন্ত অনেকে আপডেট করছেন না। ইউনিয়ন পরিষদ সচিব ও উদ্যোক্তাদের গতিশীল করতে হবে। প্রতিটি অফিস এবং ইউনিয়ন পরিষদকে সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে টাংগানোর পর প্রতিবেদন দাখিলের জন্য অনুরোধ করা হয় । | উপজেলার সকল অফিস ও ইউনিয়ন পরিষদের সকল বাস্তবায়িত প্রকল্পের ছবিসহ ওয়েব পোর্টাল হালনাগাদ (আপডেট) নিশ্চিত করতে হবে। প্রতিটি অফিস এবং ইউনিয়ন পরিষদকে সিটিজেন চার্টার দৃশ্যমান স্থানে টাংগানো নিশ্চিত করে জরুরীভাবে প্রতিবেদন দাখিল করতে হবে। | সহকারী প্রোগ্রার আইসিটি, ইউপি চেয়ারম্যান, সকল অফিস প্রধানগণ ও সংশ্লিষ্ট সকল |
| ২০. | সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার সভায় জানান, কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। | উপজেলা সমবায় অফিসার |
| ২১. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। ত্রিশ টাকা দরে চাল এবং চব্বিশ টাকা দরে আটা বিক্রি কার্যক্রম চলমান রয়েছে। কোথাও বিতরণে কোন সমস্যা সৃষ্টি হলে তা উপজেলা খাদ্য অফিসকে অবগিত করার জন্য অনুরোধ করেন। | এ ধারা অব্যাহত রাখতে হবে। চাল ও আটা যাতে সঠিকভাবে বিতরন হয় এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সংশ্লিষ্ট সকল |
| ২২. | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভাকে জানান, উঠান বৈঠক নিয়মিত করা হচ্ছে। বর্তমানে উঠান বৈঠকের বরাদ্দ পাওয়া গিয়েছে । সকলের সহযোগিতায় স্থান নির্বাচন করে সরকারী কার্যক্রম গ্রামীণ পর্যায়ের নারীদের প্রশিক্ষণ দেয়া হবে। কোথাও কোন উদ্যোক্তা তাদের উৎপন্ন দ্রব্য বিক্রয়ে সমস্যা মনে করলে আমাদের কাছে আসলে আমরা তা বিক্রয় করার ব্যবস্থা গ্রহণ করবো। | উঠান বৈঠক নিয়মিত আয়োজন করতে হবে। | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল |
| ২৩. | (বিএডিসি ক্ষুদ্র সেচ) | উপসহকারী প্রকৌশলী (বিএডিসি ক্ষুদ্র সেচ) সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। | সহকারী প্রকৌশলী (বিএডিসি ক্ষুদ্র সেচ) |

| | | | | |
|---|---|---|---|---|
| ২৪. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না | আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিষদ |
| ২৫. | অফিসার ইন চার্জ | অফিসার ইন চার্জ সভায় অনুপস্থিত থাকায় এ বিভাগের কোন আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় উপস্থিত থাকার অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা প্রকৌশলী<br>২। সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |
| ২৬. | উপজেলা পরিষদ | প্রশাসক, উপজেলা পরিষদ সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানান এবং সকলের সহযোগিতা কামনা করেন। সরকারের সেবা জনগনের মাঝে পৌছে দেয়ার জন্য তিনি সকলের সহযোগিতা কামনা করেন। জনগন সেবা পাওয়ার ক্ষেত্রে যাতে কোন হয়রানির শিকার না হয় সে বিষয়ে সকলকে সচেষ্ট থাকার অনুরোধ করেন। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ২০২৪-২০২৫অর্থ বছরের অব্যয়ীত অর্থ উপজেলা উন্নয়ন তহবিলে স্থানন্তরিত করার জন্য উপজেলা ইঞ্জিনিয়ার মহোদয় প্রস্তাব দাখিল করেন। সে আলোকে উক্ত অর্থ উপজেলা পরিষদের উন্নয়ন তহবিলে জমা করনের জন্য অনুরোধ জানান। | উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হবে। উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের ২০২৪-২০২৫অর্থ বছরের অব্যয়ীত অর্থ উপজেলা উন্নয়ন তহবিলে স্থানন্তরিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, চেয়ারম্যান ও সংশ্লিস্ট সকল |
| ২৭. | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) জানান, তার অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরও জানান উপজেলা পরিষদের ২০২৪-২০২৫অর্থ বছরের অব্যয়ীত অর্থ উপজেলা উন্নয়ন তহবিলে স্থানন্তরিত করার বিধান রয়েছে। সেলক্ষে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অব্যয়ীত টাকা ব্যাংকের হিসাব বিবরণী যাচাই স্বাপেক্ষে উপজেলা উন্নয়ন তহবিল সোনালী ব্যাংক লি., সুন্দরগঞ্জ শাখার হিসাব নম্বর ৫১১৬৯০২০০২০১৭ এ প্রদান করার জন্য অনুরোধ করেন। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলা পরিষদের ২০২৪-২০২৫ অর্থ বছরের অব্যয়ীত অর্থ উপজেলা উন্নয়ন তহবিলে স্থানন্তরিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে। | ১। উপজেলা প্রকৌশলী<br>২। সংশ্লিষ্ট সকল দপ্তর প্রধান<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল) |

**০১/০৯/২০২৫ হতে ৩০/০৯/২০২৫ পর্যন্ত সময়ে উপজেলা পরিষদের ব্যয়সমূহ ঃ**

| | | | |
|---|---|---|---|
| ১ | সেপ্টেম্বর - ২৫ মাসের উপজেলা পরিষদে দৈনিক মজুরীর ভিত্তিতে নিয়োজিত ২ জন শ্রমিকের (পরিচ্ছন্নতা কর্মী ও মালী) মজুরী উৎসব ভাতা বাবদ ব্যয় | ঃ | ৩৬,০০০/- |
| ২ | সেপ্টেম্বর -২৫ মাসের উপজেলা পরিষদের আপ্যায়ন ও আনুসাঙ্গিক ব্যয় (ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ৩৫,০০০/- |
| ৩ | সেপ্টেম্বর - ২৫ মাসের জ্বালানী বিল (ভ্যাট ও আয়কর সহ) | ঃ | ৪০,৯৪৭/- |
| ৪ | সেপ্টেম্বর - ২৫ মাসের নিরাপত্তা খাতে ব্যয় | ঃ | ১০,০০০/- |
| ৫ | সেপ্টেম্বর - ২৫ মাসের বর্জ্য ব্যবস্থাপনা খাতে ব্যয় | ঃ | ১৫,০০০/- |
| ৬ | উপজেলা পরিষদের জীপ গাড়ি মেরামত বাবদ ব্যয় | ঃ | ৩৬,১০০/- |

বিস্তারিত আলোচনার পর বর্ণিত ব্যয়সমূহ সর্বসম্মতভাবে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বিধিমোতাবেক বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভা পরিচালনায় সহযোগিতা প্রদানে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

Raj Kumar
১৮/০৯/২০২৫

(রাজ কুমার বিশ্বাস)
প্রশাসক
উপজেলা পরিষদ
সুন্দরগঞ্জ, গাইবান্ধা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
sundarganj.gaibandha.gov.bd

স্মারক নং- ০৫.৫৫.৩২৯১.০১১.০১.০০২.২০১৫- ৭৬৭ তারিখ ঃ ০৮ আশ্বিন ১৪৩২ / ১৮ সেপ্টেম্বর ২০২৫

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪। জেলা প্রশাসক, গাইবান্ধা।
০৫। উপপরিচালক, স্থানীয় সরকার , গাইবান্ধা ।
০৬। উপজেলা . . . . . . . . . . . . . . অফিসার (সকল) সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
০৭। চেয়ারম্যান, . . . . . . . . . . ইউপি (সকল), সুন্দরগঞ্জ,গাইবান্ধা।
০৮। অফিস কপি।

Raj Kumar ১৮/০৯/২০২৫

(রাজ কুমার বিশ্বাস)
উপজেলা নির্বাহী অফিসার
সুন্দরগঞ্জ, গাইবান্ধা
ফোন ঃ ০২৫৮৯৯৮৩৮০২
unosundarganj@mopa.gov.bd